## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩৫

তারিখ ঃ ০৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

<u>২০১৯-২০২০ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।</u>

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০১৯-২০২০ অর্থবছরে কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের সূত্রে জুলাই ০১, ২০১৯ হতে জুন ৩০, ২০২০ তারিখ পর্যন্ত জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যগুলো রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ্য হবে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২ | রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৪.০০% |
| ৩ | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত) | ৪.০০% |
| ৪ | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫ | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৬ | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৭ | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি ঃ<br>ক) বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>(পাট আইন ২০১৭ তে উল্লিখিত বৈচিত্রকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>২০.০০%<br>১২.০০%<br>৭.০০% |
| ৮ | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৯ | ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০ | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা ঃ<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১১ | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা<br>(সিলিং সীমা পূর্ববর্তী অর্থবছরের ন্যায় অব্যাহত থাকবে) | ১৫.০০% |
| ১২ | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এরূপ কারখানাসমূহে উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৩ | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৪ | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ১৫ | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৬ | শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৭ | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮ | অ্যাকুমুলেটর ব্যাটারী (HS Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৯ | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২০ | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২১ | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২২ | বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৩ | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৪ | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৫ | হাতে তৈরী পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে নগদ সহায়তা | ১০.০০% |
| ২৬ | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৭ | (ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(পেট বোতল-ফ্লেক্স খাতের জন্য বিদ্যমান সার্কুলারগুলোর আওতায় পরিশোধযোগ্য) | ১০.০০%<br>১০.০০% |
| ২৮ | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৯ | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩০ | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড, কস্টিক সোডা এবং হাইড্রোজেন পারঅক্সাইড) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩১ | রেজার ও রেজার ব্লেডস্ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩২ | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৩ | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৪ | কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানিতে ভর্তুকি | ১০.০০% |
| ৩৫ | Galvanized Sheet/Coils (Coated with Zinc, Coated with Almunium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |

২। উপরিউক্ত পণ্যগুলো ছাড়াও চলতি ২০১৯-২০২০ অর্থবছরে নিম্নোক্ত রপ্তানি পণ্যে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | তৈরী পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা<br>(উপরোক্ত ছকের ১-৪ নং ক্রমিক অনুযায়ী প্রাপ্ত সুবিধা ব্যতীত) | ১.০০% |
| ২ | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য | ১০.০০% |

উপরিউক্ত ২নং ক্রমিকস্থ ২টি পণ্যের রপ্তানি খাতে সার্কুলার জারির পর রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র দাখিল করা যাবে।

৩। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী উপরোক্ত ১নং ক্রমিকস্থ তালিকার ২ নং ক্রমিকে উল্লিখিত খাতটি ‘বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)’ এর প্রতিস্থাপিত রূপ। এক্ষেত্রে এফই সার্কুলার নং ২৪/২০১৬ এর ২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞায়নের ক্ষেত্রে মাঃডঃ ৩.৫০ মিলিয়ন এর স্থলে মাঃডঃ ৫.০০ মিলিয়ন হবে। আলোচ্য অতিরিক্ত সুবিধা ক্ষুদ্র ও মাঝারি হোমটেক্সটাইল ও টেরিটাওয়েলসহ রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলো প্রযোজ্য শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রাপ্য হবে।

চলমান পাতা-৩

৪। ফার্মাসিউটিক্যালস পণ্যের আওতায় মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances এবং গরু/মহিষের হাড় দ্বারা উৎপাদিত হার্ড জিলেটিন ক্যাপসুল ও এর কাঁচামাল হার্ডসেল গ্রেড জিলেটিন অন্তর্ভুক্ত হবে। এতদবিষয়ে প্রযোজ্য নির্দেশনা পরিপালনসহ শুল্ক বন্ড/ডিউটি ড্র-ব্যাক সুবিধার বিকল্প হিসেবে এবং ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে রপ্তানির ক্ষেত্রে ১০% হারে রপ্তানি ভর্তুকি পরিশোধ্য হবে। এক্ষেত্রে ফার্মাসিউটিক্যালস পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। উপরোক্ত ছকের ২৬ নং ক্রমিকে গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে আলোচ্য পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৬। পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন এর আওতায় জুট পার্টিকেল বোর্ড অন্তর্ভুক্ত হবে। এক্ষেত্রে পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য খাতের নাম 'হাতে তৈরী পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি)' দ্বারা পরিবর্তন করা হয়েছে। আলোচ্য খাতের আওতায় গাছের পাতা/খোল/গার্মেন্টস এর ঝুট কাপড় হতে তৈরী পণ্য অন্তর্ভুক্ত হবে। এক্ষেত্রে পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮। সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকার আওতায় সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী ব্যাগ অন্তর্ভুক্ত হবে। এতদবিষয়ে প্রযোজ্য নির্দেশনা পরিপালনসহ ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে ১৫% রপ্তানি ভর্তুকি পরিশোধ্য হবে।

৯। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে প্রযোজ্য নির্দেশনা পরিপালনসহ ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে নিম্নোক্ত পণ্য রপ্তানির বিপরীতে ৪% হারে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা প্রযোজ্য হবে ঃ

(ক) সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা ও ব্যাগ

(খ) প্রক্রিয়াজাত কৃষিপণ্য (এগ্রোপ্রসেসিং)

১০। ২০১৯-২০ অর্থবছর থেকে প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের ক্ষেত্রে পরিশিষ্ট-ক তে বর্ণিত তালিকা অনুসরণীয় হবে।

১১। বাংলাদেশ হাই-টেক পার্কে অবস্থিত টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে প্রযোজ্য নির্দেশনা পরিপালনসহ ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে ৪% হারে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা প্রযোজ্য হবে ।

১২। সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষা সম্পাদনের বিদ্যমান ব্যবস্থা অব্যাহত থাকবে।

চলমান পাতা-৪

১৩। পেট বোতল-ফ্লেক্স ও পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৪। কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানির বিপরীতে দাখিলকৃত আবেদনপত্রের সাথে যথাক্রমে পরিবেশ অধিদপ্তরের ও মৎস্য অধিদপ্তরের ছাড়পত্র থাকতে হবে। তদনুসারে এফই সার্কুলার নং ৪০/২০১৮ এর ৪(গ) অনুচ্ছেদের নির্দেশনা সংশোধিত মর্মে গণ্য হবে। পাশাপাশি পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৫। রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট এফই সার্কুলারে বর্ণিত রপ্তানিকারক এসোসিয়েশন প্রত্যয়ন পত্র ইস্যু করবে। যে সকল খাতে রপ্তানিকারকদের এসোসিয়েশন নেই অথবা এসোসিয়েশন অনুমোদন না হওয়া পর্যন্ত রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রত্যয়নের দায়িত্ব পালন করবে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ২৪, তারিখ সেপ্টেম্বর ২০, ২০১৬ ও এফই সার্কুলার নম্বর ৩১, তারিখ আগস্ট ১৭, ২০১৭ এ বর্ণিত প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ১০, এফই সার্কুলার নম্বর ৩৫/২০১৯ দ্রষ্টব্য)

পরিশিষ্ট-ক

| ক্রমিক নম্বর | প্রক্রিয়াজাত কৃষিপণ্যের নাম |
|---|---|
| ১ | সকল ধরণের প্রক্রিয়াজাত বাদাম |
| ২ | আলু হতে উৎপাদিত সকল ধরনের পণ্য |
| ৩ | চিড়া, মুড়ি, খই, মোয়া, ঝাল মুড়ি |
| ৪ | আটাভিত্তিক সকল প্রকার কনফেকশনারী পণ্যাদি |
| ৫ | চানাচুর, মটরভাজা, ডালভাজা, চিড়াভাজা, ডাল মুট |
| ৬ | সকল ধরণের মশলা |
| ৭ | সকল ধরণের জ্যাম, জেলি, আচার ও চাটনী |
| ৮ | সকল ধরণের সেমাই, ম্যাকারনী ও নুডুলস্ |
| ৯ | সকল ধরণের সুগন্ধিযুক্ত পানীয় (গোলাপ জল) ও অন্যান্য সুগন্ধি দ্রব্য |
| ১০ | সকল ধরণের সস, কেচাপ, ভিনেগার, কাঁসুন্দি |
| ১১ | ফল ও সব্জি থেকে উৎপাদিত সকল ধরণের পেস্ট, ফ্রুটবার, টিনজাত সামগ্রী, ডিহাইড্রেটেড সামগ্রী, জুস, ড্রিংকস |
| ১২ | পরোটাসহ সকল ধরণের ফ্রোজেন, ডিহাইড্রেটেড এবং Extruded স্ন্যাকস্, রুটি |
| ১৩ | সকল ধরণের হিমায়িত শাকসব্জি, ফলমূল |
| ১৪ | চকলেট, ক্যান্ডি, গাম ও ললিপপ |
| ১৫ | খেজুর ও তালের গুড়, খেজুরের রসের সিরাপ |
| ১৬ | মধু ও মধুজাত সামগ্রী |
| ১৭ | হিমায়িত/ডিহাইড্রেটেড মাশরুম |
| ১৮ | পাঁপড়, সকল ধরণের পিঠা |
| ১৯ | কালিজিরা, তোকমা দানা, তিল এবং উক্ত পণ্য হতে তৈরি সকল পণ্য |
| ২০ | ভেষজ ঔষধ, ভিটামিন, ফুড সাপ্লিমেন্ট, স্পিরুলিনা, সয়ানাগেট |

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-০৫

১৬ মাঘ ১৪২৬
তারিখ :------------------
৩০ জানুয়ারি ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**চাল রপ্তানিতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে দেশে উৎপাদিত ধান থেকে প্রক্রিয়াকরণের মাধ্যমে উৎপাদিত চাল রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ সুবিধা আলোচ্য সার্কুলার জারির তারিখ থেকে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ভর্তুকি পরিশোধ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হলো :

**০২। ভর্তুকির প্রাপকপক্ষ ও প্রাপ্যতার মাত্রা :** দেশে উৎপাদিত ধান সংগ্রহের মাধ্যমে নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে উৎপাদিত চাল রপ্তানির ক্ষেত্রে নিট এফওবি মূল্যের ওপর ১৫% হারে প্রক্রিয়াকারী-রপ্তানিকারক ভর্তুকি প্রাপ্য হবে। বিশেষায়িত অঞ্চল (ইপিজেড, ইজেড) এ অবস্থিত প্রতিষ্ঠান থেকে রপ্তানির ক্ষেত্রে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না। চাল রপ্তানির ক্ষেত্রে ব্যবহৃত মোড়ক সামগ্রীসহ অন্যান্য উপকরণের ওপর ডিউটি ড্র-ব্যাক ও শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হলে ভর্তুকি সুবিধা প্রযোজ্য হবে না।

**০৩। রপ্তানি ভর্তুকির আবেদনপত্র দাখিলের শর্তাবলী :**

(ক) রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়ের বিপরীতে ডব্লিউটিও বিধি অনুযায়ী আলোচ্য ভর্তুকি প্রদেয় হবে।

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারি কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় রপ্তানিকারক বিশেষ ভর্তুকির জন্য ফরম-ক অনুসারে আবেদনপত্র দাখিল করতে পারবেন। টিটি'র মাধ্যমে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রপ্তানির নিমিত্ত টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। সকল ক্ষেত্রে ভর্তুকির আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নস্ট্রো হিসাবে রপ্তানিমূল্য আকলনের (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করতে হবে। তবে একই রপ্তানির ক্ষেত্রে ভিন্ন ভিন্ন চালানের মাধ্যমে রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্র দাখিলের বিষয়ে এফই সার্কুলার নং ১২, তারিখ ২০ ডিসেম্বর ২০১২ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

(গ) প্রতিটি রপ্তানির স্বপক্ষে আবেদনপত্রের সাথে যথাযথ সরকারি কর্তৃপক্ষের অনুমতিপত্র থাকতে হবে।

(ঘ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়া স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদি দাখিল করতে হবে। পাশাপাশি পণ্য রপ্তানির স্বপক্ষে কাস্টমস্ কর্তৃপক্ষের শতভাগ Physical Verification সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র রপ্তানি ভর্তুকির আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

**০৪। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি :**

(ক) রপ্তানি ভর্তুকির আবেদন ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। ভর্তুকির আবেদনপত্রের সাথে রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। রপ্তানির ক্ষেত্রে যেসকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লিখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

চলমান পাতা-২

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের চাল প্রক্রিয়াকরণ ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রপ্তানি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি, প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী থেকে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রপ্তানি ও রপ্তানিমূল্য প্রত্যাবাসন বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড থেকে প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা থেকে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকার প্রাপ্ত হওয়ার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে। সংশ্লিষ্ট আবেদন ফরমে অনুমোদিত ডিলার ব্যাংক শাখার ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) ভর্তুকির আবেদনপত্র মোতাবেক প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে ফরম-গ অনুযায়ী প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত ভর্তুকির প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-ঘ অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে বিশেষ ভর্তুকি পরিশোধ অনুমোদনের সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০১৮, ভলিউম-১ এর এপেন্ডিক্স-৫/৩৬ অনুযায়ী), জাহাজীকরণের প্রমাণস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শুল্ক কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত বিল অব এক্সপোর্ট এর ওপরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে বিশেষ ভর্তুকি পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যু না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়াও আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে এফই সার্কুলার নং ৩১, তারিখ ২৭ ডিসেম্বর ২০০১ ; এফই সার্কুলার নং ৩০, তারিখ ১৬ আগস্ট ২০১৭ ও এফই সার্কুলার পত্র নং ৩১, তারিখ ০২ ডিসেম্বর ২০১৯ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত না থাকার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম থেকে নিশ্চিত হয়ে নিতে হবে।

(ঙ) ভর্তুকি পরিশোধ নিস্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ০৩(তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

(চ) রপ্তানি সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা থেকে পরামর্শ গ্রহণ করবে।

**০৫। নিয়মবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি :**

(ক) বিধিবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সঙ্গে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) সংঘটিত অনিয়মের সাথে রপ্তানিকারক এসোসিয়েশনের কোন কর্মকর্তা যুক্ত থাকলে অথবা মিথ্যা তথ্য দিয়ে অনিয়মে সহযোগিতা করলে রপ্তানিকারক এসোসিয়েশন/কর্মকর্তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যাবে।

**০৬। ভর্তুকি বাবদ অর্থ পরিশোধ প্রক্রিয়া :** সরকারি বাজেট বরাদ্দের বিপরীতে ছাড়কৃত তহবিল থেকে ভর্তুকির জন্য দাখিলকৃত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অর্থ প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ০৩(খ) এফই সার্কুলার নং-০৫/২০২০ দ্রষ্টব্য)

**ফরম-'ক'**

## চাল রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ----------------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : ----------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য : -------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) চাল রপ্তানির ক্ষেত্রে স্থানীয়ভাবে ধান সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। পরিশোধ পদ্ধতির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানিকৃত চাল প্রক্রিয়াকরণে ব্যবহৃত স্থানীয়ভাবে সংগ্রহকৃত/আমদানিকৃত উপকরণাদি :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(চাল প্রক্রিয়াকরণে ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা ভোগ করা হয়নি/ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করা হয়নি ও ভবিষ্যতে আবেদনও করা হবে না মর্মে রপ্তানিকারকের ঘোষণাপত্র দাখিল করতে হবে।)

(ঙ) রপ্তানি চালানের বিবরণ :

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের দেশের নাম | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

[কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং জাহাজীকরণের প্রমানস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়া স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি, পণ্য রপ্তানির স্বপক্ষে কাস্টমস্ কর্তৃপক্ষের শতভাগ Physical Verification সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।]

(চ) ভর্তুকির আবেদনকৃত অংক :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নিট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | প্রাপ্য ভর্তুকি ৪ × ১৫% |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, স্থানীয়ভাবে সংগ্রহকৃত ধান আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে উৎপাদিত চাল রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হলে গৃহীত ভর্তুকির সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট থেকে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ : ---------------------

--------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবি।

(ছ) ভর্তুকি প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নিট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | পরিশোধ্য ভর্তুকির পরিমাণ (টাকায়) ৪ × ১৫% (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

ভর্তুকির পরিমাণ : --------------- টাকা (কথায় : -----------------)।

পরিশোধের তারিখ : --------------------

---------------------------------------

ভর্তুকি অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

(অনুচ্ছেদ ০৪(ক), এফই সার্কুলার নং-০৫/২০২০ দ্রষ্টব্য)

**ফরম - 'খ'**

## রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

চাল রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। চাল রপ্তানির ক্ষেত্রে স্থানীয়ভাবে ধান সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত চাল প্রক্রিয়াকরণে ব্যবহৃত স্থানীয় সংগ্রহকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রপ্তানিকৃত চাল প্রক্রিয়াকরণে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৯। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

১০। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১১। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১২। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) : নিট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১৩। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত ৬, ৭ ও ৮ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে ধান ও অন্যান্য উপকরণাদি সংগ্রহের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে তা রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৯ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নিট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

রপ্তানি উন্নয়ন ব্যুরো'র দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাঁটাছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]

**ফরম-'গ'**

(অনুচ্ছেদ ৪(গ), এফই সার্কুলার নম্বর-০৫/২০২০ দ্রষ্টব্য)

## চাল রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব

.............................................. ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

| আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | | শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণের তারিখ | আবেদনকৃত অর্থের পরিমাণ | পরিশোধ্য দাবির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রা) | নিট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | মূল্য প্রত্যাবাসনের তারিখ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

দাপ্তরিক সীল

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবি

**ফরম-'ঘ'**

(অনুচ্ছেদ ০৪(গ), এফই সার্কুলার নং-০৫/২০২০ দ্রষ্টব্য)

## চাল রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধিত হিসাবের.........সালের..........মাসের বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম : ..........................................................................

| আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | পরিশোধিত ভর্তুকি (টাকা) | পরিশোধের তারিখ | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রা) | নিট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | | | সংখ্যা | দাবীকৃত অর্থ (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

--------
দাপ্তরিক সীল

------------------------------
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবি ও তারিখ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৯-০৬

তারিখ ঃ ০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**বস্ত্রখাতে একই রপ্তানির বিপরীতে একাধিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে নগদ সহায়তার সর্বোচ্চ হার প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয় সংশ্লিষ্ট এফই সার্কুলার নম্বর ২৪, তারিখ ২০ সেপ্টেম্বর ২০১৬ এবং এফই সার্কুলার নম্বর ৩১, তারিখ ১৭ আগস্ট ২০১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এফই সার্কুলার নম্বর ২৬, তারিখ ১০ সেপ্টেম্বর ২০১৮ অনুসারে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে বস্ত্রখাতে একই রপ্তানির বিপরীতে সর্বোচ্চ ৩টি সুবিধা প্রযোজ্য রয়েছে। এ মর্মে স্পষ্টিকরণ করা যাচ্ছে যে, আলোচ্য অর্থ বছরে বস্ত্রখাতের নগদ সহায়তার প্রাপকপক্ষ একই রপ্তানির বিপরীতে একাধিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে প্রতিটি সুবিধার জন্য নির্ধারিত হারেই নগদ সহায়তা প্রযোজ্য হবে অর্থাৎ উপরোক্ত সার্কুলার নম্বর ২৪ এর ৩নং অনুচ্ছেদে নির্দেশিত ৩টি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে মোট সুবিধা কমানোর বিধান রহিত করা হয়েছে।

বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩৭

তারিখ ঃ ১৪ আশ্বিন ১৪২৬ / ২৯ সেপ্টেম্বর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

**কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে ভর্তুকি প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে দেশে উৎপাদিত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ সুবিধা ২০১৯-২০২০ অর্থবছরে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ভর্তুকি পরিশোধ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হলো ঃ

২। **ভর্তুকির প্রাপকপক্ষ ও প্রাপ্যতার মাত্রা ঃ** নিজস্ব কারখানায় উৎপাদিত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের ওপর ১০% হারে উৎপাদনকারী-রপ্তানিকারক ভর্তুকি প্রাপ্য হবে। বিশেষায়িত অঞ্চল (ইপিজেড, ইজেড) এ অবস্থিত প্রতিষ্ঠান হতে রপ্তানির ক্ষেত্রে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না।

৩। **স্থানীয় মূল্য সংযোজনের মাত্রা ঃ** কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির ক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজনের হার ন্যূনতম ৩০% হতে হবে। আলোচ্য ক্ষেত্রে রপ্তানি ভর্তুকি ও ডিউটি ড্র-ব্যাক/শুল্ক বন্ড সুবিধা একসাথে প্রযোজ্য হবে না।

৪। **রপ্তানি ভর্তুকির আবেদনপত্র দাখিলের শর্তাবলী ঃ**

(ক) রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়ের বিপরীতে ডব্লিউটিও বিধি অনুযায়ী আলোচ্য ভর্তুকি প্রদেয় হবে।

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারি কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় রপ্তানিকারক রপ্তানি ভর্তুকির জন্য ফরম-ক অনুসারে আবেদনপত্র দাখিল করতে পারবেন। টিটি'র মাধ্যমে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হতে প্রকৃত রপ্তানির নিমিত্ত টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। সকল ক্ষেত্রে ভর্তুকির আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নস্ট্রো হিসাবে রপ্তানি মূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করতে হবে। তবে একই ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে ভিন্ন ভিন্ন চালানের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে ভর্তুকির আবেদনপত্র দাখিলের বিষয়ে এফই সার্কুলার নং ১২, তারিখ ডিসেম্বর ২০, ২০১২ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

(গ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদি দাখিল করতে হবে। পাশাপাশি আলোচ্য পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। **অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি ঃ**

(ক) রপ্তানি ভর্তুকির আবেদন ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। ভর্তুকির আবেদনপত্রের সাথে রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। রপ্তানির ক্ষেত্রে যে সকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লিখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

চলমান পাতা-২

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রপ্তানি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রপ্তানি ও রপ্তানি মূল্য প্রত্যাবাসন বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হতে প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হতে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকার প্রাপ্ত হওয়ার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে। সংশ্লিষ্ট আবেদন ফরমে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) ভর্তুকির আবেদনপত্র মোতাবেক প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে ফরম-গ অনুযায়ী প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত ভর্তুকির প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-ঘ অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে ভর্তুকি পরিশোধ অনুমোদনের সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্-২০১৮, ভলিউম-১ এর এপেন্ডিক্স-৫/৩৬ অনুযায়ী), জাহাজীকরণের প্রমাণস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শুল্ক কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত বিল অব এক্সপোর্ট এর ওপরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ভর্তুকি পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়াও আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে এফই সার্কুলার নং ৩০, তারিখ আগস্ট ১৬, ২০১৭ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত না থাকার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম থেকে নিশ্চিত হয়ে নিতে হবে।

(ঙ) ভর্তুকি পরিশোধ নিষ্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারি বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ০৩ (তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

(চ) রপ্তানি সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা হতে পরামর্শ গ্রহণ করবে।

**৬। নিয়মবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ**

(ক) বিধিবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সঙ্গে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৭। ভর্তুকি বাবদ অর্থ পরিশোধ প্রক্রিয়া ঃ** সরকারি বাজেট বরাদ্দের বিপরীতে ছাড়কৃত তহবিল হতে ভর্তুকি বাবদ দাখিলকৃত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অর্থ প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ৪(খ) এফই সার্কুলার নং-৩৭/২০১৯ দ্রষ্টব্য) **ফরম-'ক'**

## কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ----------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর ঃ -------------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য -------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের স্থানীয় সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য ঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। পরিশোধ পদ্ধতির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদি ঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমাণ | ঋণপত্র/ব্যাক টু ব্যাক ঋণপত্র/ ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ | মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা ভোগ করা হয়নি/ ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করা হয়নি ও ভবিষ্যতে আবেদনও করা হবে না মর্মে রপ্তানিকারকের ঘোষণাপত্র দাখিল করতে হবে।)

(ঙ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের দেশের নাম | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি, পণ্য রপ্তানি হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইপূর্বক (Physical Verification) সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।)

(চ) ভর্তুকির আবেদনকৃত অংক ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

| রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্য মূল্য | | স্থানীয় মূল্য সংযোজনের হার | প্রাপ্য ভর্তুকি |
|---|---|---|---|
| দেশীয় | আমদানিকৃত | [(৪-৬)/৪] × ১০০ | ৪ × ১০% |
| ৫ | ৬ | ৭ | ৮ |

(৭ নম্বর কলামের হার আলোচ্য সার্কুলারের ৩ নম্বর অনুচ্ছেদের সাথে সামঞ্জস্যতার ক্ষেত্রে ভর্তুকি প্রাপ্য হবে। আমদানিকৃত পণ্য অব্যবহৃত থাকলে কিংবা পূর্বের আমদানিকৃত পণ্য ব্যবহৃত হলে তদবিষয়ে উপযুক্ত উৎপাদন ব্যয় হিসাব অনুযায়ী উপরোক্ত ৬ নং কলামে উল্লেখ করতে হবে। এ বিষয়ে উৎপাদন ব্যয় হিসাবায়ন দাখিল করতে হবে।)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হয় তবে গৃহীত ভর্তুকির সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ ঃ ---------------------

----------------------------------
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(ছ) ভর্তুকি প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

| রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের মূল্য | | স্থানীয় মূল্য সংযোজনের হার | পরিশোধ্য ভর্তুকির পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|
| দেশীয় পণ্য | আমদানিকৃত পণ্য | [(৪-৬)/৪] × ১০০ | ৪ × ১০% × (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য) |
| ৫ | ৬ | ৭ | ৮ |

(৭ নম্বর কলামের হার আলোচ্য সার্কুলারের ৩ নম্বর অনুচ্ছেদের সাথে সামঞ্জস্যতার ক্ষেত্রে ভর্তুকি প্রাপ্য হবে।)

ভর্তুকির পরিমাণ --------------- টাকা (কথায় ঃ -----------------)।
পরিশোধের তারিখ ঃ --------------------

--------------------------------------
ভর্তুকি অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

(অনুচ্ছেদ ৫(ক), এফই সার্কুলার নং-৩৭/২০১৯ দ্রষ্টব্য)

**ফরম - 'খ'**

## রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৫। (ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ ঃ মূল্য ঃ

৬। রপ্তানিকৃত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য উৎপাদনে ব্যবহৃত স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) ঃ

পরিমাণ ঃ মূল্য ঃ

৭। রপ্তানিকৃত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) ঃ

পরিমাণ ঃ মূল্য ঃ

৮। রপ্তানি পণ্যের বিবরণ ঃ পরিমাণ ঃ মূল্য ঃ

৯। জাহাজীকরণের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

১০। ইএক্সপি নম্বর ঃ মূল্য ঃ তারিখ ঃ

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

রপ্তানি উন্নয়ন ব্যুরো এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]

**ফরম-'গ'**

(অনুচ্ছেদ ৫(গ), এফই সার্কুলার নম্বর-৩৭/২০১৯ দ্রষ্টব্য)

**কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব**

............................................ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

| ভর্তুকির আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | | শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণের তারিখ | আবেদনকৃত অর্থের পরিমাণ | পরিশোধ্য দাবির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা) | নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | মূল্য প্রত্যাবাসনের তারিখ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

দাপ্তরিক সীল

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবি

**ফরম-'ঘ'**

(অনুচ্ছেদ ৫(গ), এফই সার্কুলার নং-৩৭/২০১৯ দ্রষ্টব্য)

**কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধিত হিসাবের.........সালের..........মাসের বিবরণী**

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম ঃ..............................................................................

| ভর্তুকির আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | পরিশোধিত ভর্তুকি (টাকা) | পরিশোধের তারিখ | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা) | নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | | | সংখ্যা | দাবীকৃত অর্থ (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

--------
দাপ্তরিক সীল

-----------------------------
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবি ও তারিখ

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-২৫

তারিখ ঃ ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলে টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) প্রতিষ্ঠানের অনুকূলে বাজার সম্প্রসারণ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নং ৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর, ২০১৯ এর ৯ ও ১১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলের টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) প্রতিষ্ঠানের অনুকূলে সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে ৪% হারে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা প্রযোজ্য হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) শিল্প প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট রপ্তানিতে দেশ/অঞ্চল নির্বিশেষে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-০১

২৩ পৌষ ১৪২৬
তারিখ :-------------------
০৭ জানুয়ারি ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে ১০ অক্টোবর ২০১৯ তারিখে জারিকৃত ৩৯ নম্বর এফই সার্কুলারে জ্ঞাপিত নির্দেশাবলীর পরিবর্তে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় হবে :

সরকার তৈরি পোশাকসহ বস্ত্রজাত সামগ্রী (যেমন: টেরিটাওয়েল ও স্পেশালাইজড টেক্সটাইল) রপ্তানির বিপরীতে রপ্তানিকারকদেরকে বিশেষ নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ সুবিধা ২০১৯-২০২০ অর্থবছর থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে প্রযোজ্য হবে :

(ক) এ সুবিধা এবং ডিউটি ড্র-ব্যাক/বন্ড সুবিধা যুগপৎভাবে গ্রহণ না করার শর্ত প্রযোজ্য হবে না।

(খ) ইইউ, আমেরিকা ও কানাডায় রপ্তানির ক্ষেত্রে বিশেষায়িত অঞ্চল (ইপিজেড, ইজেড) এ অবস্থিত টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) প্রতিষ্ঠানের জন্যও এ সুবিধা প্রযোজ্য হবে।

বিশেষ নগদ সহায়তা পরিশোধ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হলো :

**০২। বিশেষ নগদ সহায়তার প্রাপকপক্ষ ও প্রাপ্যতার মাত্রা :** নিজস্ব কারখানায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের ওপর ১% হারে উৎপাদনকারী-রপ্তানিকারক বিশেষ নগদ সহায়তা প্রাপ্য হবে।

**০৩। বিশেষ নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের শর্তাবলী :**

(ক) রপ্তানিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়ের বিপরীতে ডব্লিউটিও বিধি অনুযায়ী আলোচ্য বিশেষ নগদ সহায়তা প্রদেয় হবে।

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারি কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় রপ্তানিকারক বিশেষ নগদ সহায়তার জন্য ফরম-ক অনুসারে আবেদনপত্র দাখিল করতে পারবেন। টিটি'র মাধ্যমে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রপ্তানির নিমিত্ত টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। সকল ক্ষেত্রে বিশেষ নগদ সহায়তার আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নস্ট্রো হিসাবে রপ্তানিমূল্য আকলনের (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করতে হবে। তবে একই রপ্তানির ক্ষেত্রে ভিন্ন ভিন্ন চালানের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের বিষয়ে এফই সার্কুলার নং ১২, তারিখ ডিসেম্বর ২০, ২০১২ এর নির্দেশনা অনুসরণীয় হবে। এছাড়া যেসব রপ্তানির বিপরীতে বিশেষ নগদ সহায়তার আবেদন দাখিলের সময় অতিবাহিত হয়েছে বা অল্প সময় বাকি রয়েছে সেসব রপ্তানির জন্য এ সার্কুলার জারির তারিখ থেকে অতিরিক্ত ৪৫ দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে।

(গ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়া স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদি দাখিল করতে হবে।

**০৪। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি :**

(ক) বিশেষ নগদ সহায়তার আবেদন ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। বিশেষ নগদ সহায়তার আবেদনপত্রের সাথে বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ থেকে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। রপ্তানির ক্ষেত্রে যে সকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লিখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

চলমান পাতা-২

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রপ্তানি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী থেকে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রপ্তানি ও রপ্তানিমূল্য প্রত্যাবাসন বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড থেকে প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা থেকে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকার প্রাপ্ত হওয়ার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে। সংশ্লিষ্ট আবেদন ফরমে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(গ) বিশেষ নগদ সহায়তার আবেদনপত্র মোতাবেক প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে বিশেষ নগদ সহায়তা বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে ফরম-গ অনুযায়ী প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত বিশেষ নগদ সহায়তার প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-ঘ অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে বিশেষ নগদ সহায়তা পরিশোধ অনুমোদনের সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০১৮, ভলিউম-১ এর এপেন্ডিক্স-৫/৩৬ অনুযায়ী), জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত বিল অব এক্সপোর্ট এর ওপরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে বিশেষ নগদ সহায়তা পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়াও আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে এফই সার্কুলার নং ৩১, তারিখ ডিসেম্বর ২৭, ২০০১ ; এফই সার্কুলার নং ৩০, তারিখ আগস্ট ১৬, ২০১৭ ও এফই সার্কুলার পত্র নং ৩১, তারিখ ডিসেম্বর ০২, ২০১৯ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত না থাকার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম থেকে নিশ্চিত হয়ে নিতে হবে।

(ঙ) বিশেষ নগদ সহায়তা পরিশোধ নিষ্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ থেকে অন্যূন ০৩ (তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

(চ) রপ্তানি সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা থেকে পরামর্শ গ্রহণ করবে।

**০৫। নিয়মবহির্ভূতভাবে বিশেষ নগদ সহায়তা পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি :**

(ক) বিধিবহির্ভূতভাবে বিশেষ নগদ সহায়তা পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সঙ্গে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) সংঘটিত অনিয়মের সাথে রপ্তানিকারক এসোসিয়েশনের কোন কর্মকর্তা যুক্ত থাকলে অথবা মিথ্যা তথ্য দিয়ে অনিয়মে সহযোগিতা করলে রপ্তানিকারক এসোসিয়েশন/কর্মকর্তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যাবে।

**০৬। বিশেষ নগদ সহায়তা বাবদ অর্থ পরিশোধ প্রক্রিয়া :** সরকারি বাজেট বরাদ্দের বিপরীতে ছাড়কৃত তহবিল থেকে বিশেষ নগদ সহায়তা বাবদ দাখিলকৃত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অর্থ প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ০৩(খ) এফই সার্কুলার নং-০১/২০২০ দ্রষ্টব্য) **ফরম-'ক'**

## বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তার আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : -----------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : ------------------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য -------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের স্থানীয় সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৩ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। পরিশোধ পদ্ধতির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদি :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পণ্যের নাম ও পরিমাণ | ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ | মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে।)

(ঙ) রপ্তানি চালানের বিবরণ :

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের দেশের নাম | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং জাহাজীকরণের প্রমানস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।)

(চ) বিশেষ নগদ সহায়তার আবেদনকৃত অংক :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | প্রাপ্য বিশেষ নগদ সহায়তা ৪ × ১% |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে বিশেষ নগদ সহায়তার জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হয় তবে গৃহীত বিশেষ নগদ সহায়তা সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট থেকে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ : ---------------------

----------------------------------
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবি।

(ছ) বিশেষ নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | পরিশোধ্য বিশেষ নগদ সহায়তার পরিমাণ (টাকায়) ৪ × ১% × (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

বিশেষ নগদ সহায়তার পরিমাণ --------------- টাকা (কথায় : -----------------)।
পরিশোধের তারিখ : --------------------

---------------------------------------
বিশেষ নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

(অনুচ্ছেদ ০৪(ক), এফই সার্কুলার নং-০১/২০২০ দ্রষ্টব্য)

**ফরম - 'খ'**

## বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তার প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনের স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র থেকে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে বিশেষ নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর বিশেষ নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ
এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]

**ফরম-'গ'**

(অনুচ্ছেদ ০৪(গ), এফই সার্কুলার নম্বর-০১/২০২০ দ্রষ্টব্য)

**বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব**

............................................. ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

| বিশেষ নগদ সহায়তার আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | | শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণের তারিখ | আবেদনকৃত অর্থের পরিমাণ | পরিশোধ্য দাবীর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রা) | নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | মূল্য প্রত্যাবাসনের তারিখ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

--------

দাপ্তরিক সীল

------------------------------

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবি

**ফরম-'ঘ'**

(অনুচ্ছেদ ০৪(গ), এফই সার্কুলার নং-০১/২০২০ দ্রষ্টব্য)

**বস্ত্রখাতে রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা বাবদ পরিশোধিত হিসাবের.........সালের..........মাসের বিবরণী**

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম :.........................................................................

| বিশেষ নগদ সহায়তা আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | রপ্তানি সংশ্লিষ্ট তথ্য | | | | | পরিশোধিত বিশেষ নগদ সহায়তা (টাকা) | পরিশোধের তারিখ | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল | ইএক্সপি নম্বর | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রা) | নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা) | | | সংখ্যা | দাবীকৃত অর্থ (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

--------
দাপ্তরিক সীল

------------------------------
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবি ও তারিখ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ৩৫

তারিখ : ১০ ভাদ্র ১৪২৭ / ২৫ আগস্ট ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা।

এফই সার্কুলার নং ৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর ২০১৯ এর ২ নম্বর অনুচ্ছেদ, এফই সার্কুলার নং ৪৮, তারিখ ১৫ ডিসেম্বর ২০১৯ ও এফই সার্কুলার পত্র নং ৪, তারিখ ২২ জানুয়ারি ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত সার্কুলারগুলোতে ২০১৯-২০২০ অর্থবছরে ক্ষুদ্র ও মাঝারি হোম টেক্সটাইল ও টেরিটাওয়েলসহ রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানগুলোর অনুকূলে সম্পূর্ণ দেশিয় সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে বিদ্যমান ব্যবস্থায় দেশিয় বস্ত্রমূল্যের ভিত্তিতে অতিরিক্ত নগদ সহায়তা সুবিধা বলবৎ রয়েছে। সম্পূর্ণ দেশিয় সুতা/বস্ত্র ব্যবহারের ক্ষেত্রে পণ্যে ব্যবহৃত বস্ত্রমূল্যের উপর নগদ সহায়তা প্রদানের বিদ্যমান এ ব্যবস্থার পাশাপাশি সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে জানানো যাচ্ছে যে,

(ক) ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান সম্পূর্ণ বিদেশি সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হবে।

(খ) ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান দেশি ও বিদেশি উভয় ধরণের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হবে। আলোচ্য ক্ষেত্রে ইতঃপূর্বে উক্ত রপ্তানির বিপরীতে অতিরিক্ত নগদ সহায়তা গৃহীত হয়নি মর্মে নিশ্চিত হতে হবে।

০৩। সম্পূর্ণ বিদেশি কিংবা দেশি ও বিদেশি উভয় ধরণের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা এবং ডিউটি ড্র-ব্যাক/শুল্ক বন্ড সুবিধা একই সাথে প্রযোজ্য না হওয়ার শর্ত পূর্বের ন্যায় বহাল থাকবে। আলোচ্য নগদ সহায়তা ২০১৯-২০২০ অর্থবছরে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং সংযোজনী ফরম -'ক' মোতাবেক প্রয়োজনীয় দালিলাদিসহ নগদ সহায়তার জন্য পৃথকভাবে আবেদনপত্র দাখিল করতে হবে এবং নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করাতে হবে। আবেদনপত্র দাখিলের নির্দেশিত সময় ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এমন ক্ষেত্রে এ সার্কুলার জারির তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় আবেদনপত্র দাখিলযোগ্য হবে।

বস্ত্রখাতে রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ০৩, এফই সার্কুলার নং-৩৫/২০২০ দ্রষ্টব্য) **ফরম- 'ক'**

রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার)
অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের নগদ সহায়তার জন্য আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ----------------------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : ----------------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য :-------------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য :

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | উপকরণাদির নাম ও পরিমাণ | অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের নম্বর/ডকুমেন্টারি কালেকশন/ব্যাংক ব্যবস্থায় পরিশোধ ও মূল্য | ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(৩ ও ৪ নম্বর কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। ৩ নম্বর কলামে উল্লিখিত উপকরণাদি ব্যবহারের ক্ষেত্রে শুল্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ না করার বিষয়ে রপ্তানিকারকের ঘোষণাপত্র দাখিল করতে হবে। স্থানীয় উপকরণাদি ব্যবহারের ক্ষেত্রে শুল্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাক সুবিধা গৃহীত হলে উক্ত অংশ মূল্য সংযোজন হিসাবায়নে বাদ দিতে হবে। রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ এর প্রত্যয়নপত্র (ফরম -'খ' মোতাবেক) দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ :

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের দেশের নাম | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং জাহাজীকরণের প্রমাণস্বরূপ পরিবহন কর্তৃপক্ষের ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ার ওয়েবিল (এফই সার্কুলার নং ১২/২০২০ এর নির্দেশনা পরিপালন সাপেক্ষে 'এফসিআর'), বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষের ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষের প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।)

(ঙ) নগদ সহায়তার আবেদনকৃত অংক :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

| রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্য মূল্য | | | স্থানীয় মূল্য সংযোজনের হার [(৪)-(৬)-(৭)]/(৪) × ১০০ | স্থানীয় মূল্য সংযোজনের পরিমাণ (৪)-(৬)-(৭) | প্রাপ্য নগদ সহায়তা (৯) × ৪% |
|---|---|---|---|---|---|
| দেশিয় পণ্য | দেশিয় উপকরণাদির মধ্যে শুল্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাক সুবিধা প্রাপ্ত অংশ | আমদানিকৃত পণ্য | | | |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

(আমদানিকৃত পণ্য অব্যবহৃত থাকলে কিংবা পূর্বের আমদানিকৃত পণ্য ব্যবহৃত হলে তদবিষয়ে উপযুক্ত উৎপাদন ব্যয় হিসাব অনুযায়ী উপরোক্ত ৬ নং কলামে উল্লেখ করতে হবে। এ বিষয়ে উৎপাদন ব্যয় হিসাবায়ন দাখিল করতে হবে।

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের নগদ সহায়তার জন্য আবেদন করা হলো। ইতঃপূর্বে আলোচ্য রপ্তানির বিপরীতে অতিরিক্ত নগদ সহায়তা গ্রহণ করিনি। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদ্‌ঘাটিত হয় তবে গৃহীত নগদ সহায়তার সমুদয় অর্থ বা এর অংশ বিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ : --------------------- ----------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবি

(চ) নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |

| রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের মূল্য | | | স্থানীয় মূল্য সংযোজনের হার [(৪)-(৬)-(৭)]/(৪) × ১০০ | স্থানীয় মূল্য সংযোজনের পরিমাণ (৪)-(৬)-(৭) | পরিশোধ্য নগদ সহায়তার পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|
| দেশিয় পণ্য | দেশিয় উপকরণাদির মধ্যে শুল্ক বন্ড সুবিধা কিংবা ডিউটি ড্র-ব্যাক সুবিধা প্রাপ্ত অংশ | আমদানিকৃত পণ্য | | | (৯) × ৪% × (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য) |
| (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |

নগদ সহায়তার পরিমাণ --------------- টাকা (কথায় : -----------------)।
পরিশোধের তারিখ : --------------------

----------------------------------------

নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

(ফরম - 'ক' এর (গ) অনুচ্ছেদ, এফই সার্কুলার নং-৩৫/২০২০ দ্রষ্টব্য)

**ফরম - 'খ'**

## বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনের স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত তৈরি পোশাক/বস্ত্র সামগ্রী উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় তৈরি পোশাক/বস্ত্র সমাগ্রী উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানিমূল্য থেকে নির্ণিত স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

বিজিএমইএ/বিকেএমইএ/বিটিটিএলএমইএ/বিএসটিএমপিআইএ
এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]